

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক) এর গোপনীয় শাখা  
ও  
রিটার্নিং অফিসারের কার্যালয়  
ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪  
[www.munshiganj.gov.bd](http://www.munshiganj.gov.bd)

স্মারক নম্বর- ০৫.৩০.৫৯০০.২০১.৩১.০০১.২৪-২৫

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩১  
২১ এপ্রিল ২০২৪

বিষয় : ষষ্ঠ উপজেলা পরিষদ সাধারণ নির্বাচন-২০২৪ উপলক্ষে মনোনয়নপত্র দাখিলকারীগণের তথ্য সংগ্রহ ও মনোনয়নপত্র বাছাইকালে উপস্থিত থাকা প্রসঙ্গে।

সূত্র : বাংলাদেশ নির্বাচন কমিশন এর প্রজ্ঞাপন নং- ১৭.০০.০০০০.০৭৯.৪০.০০৫.২৪-১৪৭, তারিখ: ০২ এপ্রিল ২০২৪ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মুন্সীগঞ্জ জেলার টংগিবাড়ী ও লৌহজং উপজেলা পরিষদ নির্বাচন অনুষ্ঠানের লক্ষ্যে আগামী ২১ মে ২০২৪ তারিখ ভোটগ্রহণের দিন ধার্য করে ইতোমধ্যে গণবিজ্ঞপ্তির জারী করা হয়েছে। ঘোষিত গণবিজ্ঞপ্তি অনুযায়ী মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ আগামী ২১ এপ্রিল ২০২৪ তারিখ বিকাল ০৪:০০ ঘটিকা পর্যন্ত।

০২। উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ এর ৮(২) (জ), (ঝ), (ঞ) ও (ট) নিম্নে উদ্ধৃত করা হলো:

"(জ) কোন সমবায় সমিতি এবং সরকারের মধ্যে সম্পাদিত চুক্তি ব্যতীত, সংশ্লিষ্ট উপজেলা এলাকায় সরকারকে পণ্য সরবরাহ করার জন্য বা সরকার কর্তৃক গৃহীত কোন চুক্তির বাস্তবায়ন বা সেবা কার্যক্রম সম্পাদনের জন্য, তীর নিজ নামে বা তীর ট্রাস্টি হিসেবে কোন ব্যক্তি বা ব্যক্তিবর্গের নামে বা তীর সুবিধার্থে বা তীর উপলক্ষে বা কোন হিন্দু যৌথ পরিবারের সদস্য হিসেবে তীর কোন অংশ বা স্বার্থ আছে এরূপ চুক্তিতে আবদ্ধ হয়ে থাকেন;

(ঝ) তার পরিবারের কোন সদস্য সংশ্লিষ্ট উপজেলার কার্য সম্পাদনে বা মালামাল সরবরাহের জন্য ঠিকাদার নিযুক্ত হন বা এর জন্য নিযুক্ত হন বা এর জন্য নিযুক্ত ঠিকাদারী প্রতিষ্ঠানের অংশীদার হন বা উপজেলার কোন বিষয়ে তীর কোন প্রকার আর্থিক স্বার্থ থাকে;

(ঞ) মনোনয়নপত্র জমা দেয়ার তারিখে কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত কোন ঋণ মেয়াদোত্তীর্ণ অবস্থায় আনাদায়ী রাখেন;

(ট) এমন কোন কোম্পানীর পরিচালক বা ফার্মের অংশীদার হন যার কোন ব্যাংক বা আর্থিক প্রতিষ্ঠান হতে গৃহীত কোন ঋণ বা উহার কোন কিস্তি, মনোনয়নপত্র জমা দেয়ার তারিখে পরিশোধে খেলাপী হয়েছেন,"

০৩। দাখিলকৃত মনোনয়নপত্রসমূহ নিম্নোক্ত সময়সূচী ও স্থানে বাছাই করা হবে।

ক্রমিক নং	উপজেলার নাম	পদের নাম	মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	মনোনয়নপত্র বাছাইয়ের স্থান	মনোনয়নপত্র বাছাইয়ের সময়
০১	টংগিবাড়ী	চেয়ারম্যান	১০ বৈশাখ ১৪৩১ ২৩ এপ্রিল ২০২৪ (মঙ্গলবার)	সম্মেলন কক্ষ (কক্ষ নং ২১৬) জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ	সকাল ১০:০০ টা
		ভাইস চেয়ারম্যান			
		মহিলা ভাইস চেয়ারম্যান			
০২	লৌহজং	চেয়ারম্যান	১০ বৈশাখ ১৪৩১ ২৩ এপ্রিল ২০২৪ (মঙ্গলবার)	সম্মেলন কক্ষ (কক্ষ নং ২১৬) জেলা প্রশাসকের কার্যালয়, মুন্সীগঞ্জ	দুপুর ১২:০০ টা
		ভাইস চেয়ারম্যান			
		মহিলা ভাইস চেয়ারম্যান			

০৪। মনোনয়নপত্র দাখিলকারীগণের বিরুদ্ধে ঋণ খেলাপী/আয়কর/মামলা/অন্যান্য কোন অভিযোগ/অযোগ্যতা থাকলে মনোনয়নপত্র বাছাইকালে রিটার্নিং অফিসারের কার্যালয়ে নিজে/উপযুক্ত প্রতিনিধির মাধ্যমে উপস্থিত থেকে আপত্তি (প্রমাণাদিসহ) উপস্থাপন করার জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: প্রার্থীগণের তালিকা..... (পাতা)

স্বা :

আশরাফুল আলম  
অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মুন্সীগঞ্জ

ও

রিটার্নিং অফিসার

ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪

(টংগিবাড়ী ও লৌহজং উপজেলা)

ফোন: ০২-৯৯৭৭৩১১০২

E-mail: [adcgeneralmunshiganj@gmail.com](mailto:adcgeneralmunshiganj@gmail.com)/  
[adcgmunshiganj@mopa.gov.bd](mailto:adcgmunshiganj@mopa.gov.bd)


প্রাপক:

.....  
.....  
.....

স্মারক নম্বর- ০৫.৩০.৫৯০০.২০১.৩১.০০১.২৪.২৫/১(১৫)

তারিখ: ০৮ বৈশাখ ১৪৩১  
২১ এপ্রিল ২০২৪

- বিতরণ: কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)
- ০১। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা
  - ০২। বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা
  - ০৩। জেলা প্রশাসক, মুন্সীগঞ্জ ও আপিল কর্তৃপক্ষ
  - ০৪। আঞ্চলিক নির্বাচন কর্মকর্তা, ঢাকা অঞ্চল, ঢাকা
  - ০৫। পুলিশ সুপার, মুন্সীগঞ্জ
  - ০৬। জেলা নির্বাচন অফিসার, মুন্সীগঞ্জ
  - ০৭। উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী রিটার্নিং অফিসার, টংগিবাড়ী/লৌহজং, মুন্সীগঞ্জ
  - ০৮। জেলা কমান্ড্যান্ট, আনসার ও ভিডিপি, মুন্সীগঞ্জ
  - ০৯। জেলা তথ্য অফিসার, মুন্সীগঞ্জ
  - ১০। অফিসার ইন-চার্জ, টংগিবাড়ী/লৌহজং থানা, মুন্সীগঞ্জ
  - ১১। উপজেলা নির্বাচন অফিসার, টংগিবাড়ী/লৌহজং, মুন্সীগঞ্জ
  - ১২। সভাপতি/সম্পাদক, মুন্সীগঞ্জ প্রেসক্লাব, মুন্সীগঞ্জ

  
2208128

অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), মুন্সীগঞ্জ

ও

রিটার্নিং অফিসার

ষষ্ঠ উপজেলা পরিষদ নির্বাচন-২০২৪  
(টংগিবাড়ী ও লৌহজং উপজেলা)